**উপজেলা পরিষদ**

**আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।**

alamdanga.chuadanga.gov.bd

**বিষয় : ০৫ম উপজেলা পরিষদের ডিসেম্বর/২০২৩ মাসের সভার কার্যবিবরণী।**

সভাপতি : মোঃ আইয়ুব হোসেন
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।

স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ।

তারিখ : ২১-১২-২০২৩ খ্রি.।

সময় : সকাল ১১-০০ ঘটিকা।

সভার প্রারম্ভেই সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানান। অতঃপর সভার সদস্য সচিব তথা উপজেলা নির্বাহী অফিসার, আলমডাঙ্গাকে সভা পরিচালনার অনুরোধ জানানো হয়। তিনি গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। তাতে কোনরুপ পরিবর্তন, পরিবর্ধন ও পরিমার্জন না থাকায় গত সভার কার্যবিবরণী সভায় সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়। অতঃপর সদস্য সচিব উপস্থিত সকল বিভাগের কর্মকর্তাকে বিভাগীয় কার্যক্রম উপস্থাপনের জন্য অনুরোধ জানান।

## ১। বিভাগীয় আলোচনা :

### ১.১। উপজেলা স্বাস্থ্য বিভাগ :

সভায় উপস্থিত উপজেলা স্বাস্থ্য ও প: প: অফিসার,আলমডাঙ্গার পক্ষে জানান, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স,আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা হতে প্রতিষ্ঠানিকভাবে আউট ডোর বিভাগ হতে এ মাসে ১১৩৮৭জন রোগী, ইনডোর হতে ৯০৭ জন রোগী, জরুরী বিভাগ হতে ১০৩৮ জন রোগী, উপ স্বাস্থ্য কেন্দ্র হতে ৪১৩০ জন রোগী ও কমিউনিটি ক্লিনিক হতে ৫৩২৭৮ জন রোগীকে সেবা প্রদান করা হয়েছে। এছাড়া এ এন সি ২৪২টি, পি এন সি ২৯টি, নরমাল ডেলিভারী ১৪টি, সিজারিয়ান ০১টি।
শীত মৌসুমে নিপা ভাইরাসের প্রাদুর্ভাব বেড়ে যাবার কারনে খেজুর ও তালের রস না খাওয়ার উদ্ধুদ্ধ করেন।

সিদ্ধান্ত : ০১। ডেঙ্গু ও ডায়ারিয়া রোগের প্রাদূর্ভাব বেড়ে যাওয়ায় স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধি কাজ চলমান রাখতে হবে।
০২। নরমাল ডেলিভারী মাধ্যমে শিশু জন্ম দেওয়ার জন্য সচেতনতা বৃদ্ধি কাজ চলমান রাখতে হবে।

বাস্তবায়নে : ১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।

### ১.২। উপজেলা মৎস্য অফিস:

সভায় উপস্থিত উপজেলা মৎস্য কর্মকর্তা, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা জানান যে, আলোচ্য মাসে অফিস ও মাঠপর্যায় ২৮ জন মৎস্য চাষিকে বিভিন্ন সমস্যা, রোগ প্রতিরোধ এবং উৎপাদন বৃদ্ধিসহ নিরাপদ খাদ্য উৎপাদনের জন্য খামার পরিদর্শন পূর্বক প্রয়োজনীয় প্রযুক্তি ও পরামর্শ সেবা প্রদান করা হয়। ১৪ জন মৎস্যচাষীর পুকুর পরিদর্শন ও পানি পরীক্ষার মাধ্যমে পরামর্শ প্রদান করা হয়েছে। মৎস্য খাদ্য আইন ও মৎস্য হ্যাচারী আইন বাস্তবায়নের নিমিত্তে এ উপজেলার বিভিন্ন মৎস্যখাদ্য বিক্রেতাদের দোকান ও মৎস্য হ্যাচারী পরিদর্শন ও অভিযান কার্যক্রম পরিচালনা করা হয়। ২টি মৎস্য খাদ্য দোকান লাইসেন্স নবায়ন করা হয়েছে। এছাড়া হ্যাচারি লাইসেন্স নবায়নের বিষয়টি প্রক্রিয়াধীন আছে। জাটকা ইলিশ সংরক্ষণ অভিযান (১ নভেম্বর ২০২৩ খ্রি. হতে ৩০ জুন ২০২৪ খ্রি.) কার্যক্রম চলমান আছে। জাটকা ইলিশ সংরক্ষণ অভিযানের অংশ হিসেবে বিভিন্ন হাটবাজারে ২৮ বার পরিদর্শন-অভিযান পরিচালনা করা হয়। অভিযানের সময় জাটকা ইলিশ পাওয়া যায়নি। এছাড়া বিভিন্ন অবৈধ জাল ও বাধ উচ্ছেদের কাজ চলমান আছে। ৫টি মৎস্য চাষি ও পরামর্শ কেন্দ্র ১০ বার পরিদর্শন করা হয়।
উপরোক্ত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়

সিদ্ধান্ত: ১। মৎস্য উৎপাদন বৃদ্ধির ধারা অব্যাহত রাখার স্বার্থে মৎস্য চাষিদের মাঠ পরিদর্শন ও পরামর্শ প্রদান অব্যাহত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
২। মৎস্য সংরক্ষণ আইন, ইলিশ সম্পদ সংরক্ষণ আইন, মৎস্যখাদ্য আইন এবং মৎস্য হ্যাচারী আইন নিয়মিত বাস্তবায়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।

বাস্তবায়ন: উপজেলা মৎস্য কর্মকর্তা, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।

## ১.৩। উপজেলা কৃষি বিভাগ :

সভায় উপজেলা কৃষি কর্মকর্তা, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা জানান যে, চলতি ২০২৩-২০২৪ রবি মৌসুমে বোরো ধান ১২৫৮০ হেক্টর জমিতে আবাদের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে, এখন পর্যন্ত ৫৪২ হেঃ জমিতে বীজতলা হয়েছে। এছাড়া ভুট্টা ১৩৭৫৫ হেঃ, গম ৪৩৯ হেঃ, সরিষা ২৪৮০ হেঃ, গোলআলু ২৪৮ হেঃ, মসুর ৮৫ হেঃ, তামাক ১১৫ হেঃ, শীতকালীন সবজি ৯৩০ হেঃ ও পান ৯৫৫ হেঃ জমিতে আবাদ হয়েছে। আবহাওয়া অনুকূলে থাকলে এসব ফসলের উৎপাদন বেশী হওয়ার সম্ভাবনা রয়েছে।
এ উপজেলায় সার সরবরাহের কোন ঘাটতি নেই, পর্যাপ্ত পরিমান ইউরিয়া, টিএসটি, ডিএপি ও এমওপি সহ সকল প্রকার সার ডিলারদের দোকানে মজুদ আছে। ইউনিয়ন পর্যায়ে ডিলার সরাসরি বা সাব সেন্টারের মাধ্যমে কৃষকদের নিকট সার সরবরাহ করছে। ২০২৩-২৪ অর্থ বছরে রবি/২৩-২৪ মৌসুমে বিভিন্ন প্রকল্পের আওতায় প্রদর্শনীর বীজ ও সার চাষীদের মাঝে বিতরণ করা চলছে।
উপরিউক্ত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত : (১) চলতি মৌসুমে মাঠ পর্যায়ে সার ডিলারের দোকানে নিয়মিত মনিটরিং করা হবে। এছাড়া চলতি মৌসুমে মাঠ পর্যায়ে ফসল উৎপাদনের লক্ষ্যমাত্রা অর্জনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

বাস্তবায়নে : উপজেলা কৃষি কর্মকর্তা, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।

## ১.৪। উপজেলা প্রাণি সম্পদ বিভাগ :

সভায় উপজেলা প্রাণি সম্পদ অফিসার, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা জানান, এ মাসে উপজেলা প্রাণিসম্পদ বিভাগ, আলমডাঙ্গা হতে কৃত্রিম প্রজনন করা হয়েছে ৪৬০টি, বাছুর উৎপাদন হয়েছে ২৪৫টি। হাঁস মুরগির টিকা প্রদান করা হয়েছে ৭২৫০০টি এবং গবাদি পশুর টিকা প্রদান করা হয়েছে ৪২৯০টি । এছাড়া গবাদি পশু চিকিৎসা করা হয়েছে ২২০১ টি, হাঁস মুরগির চিকিৎসা প্রদান করা হয়েছে ১২৫০০টি ও পোষা প্রাণি চিকিৎসা করা হয়েছে ০২টি। এলডিডিপি প্রকল্পের আওতায় প্রোডিউসার গ্রুপের ২১টি পিজির মোট ৮১৬ জন সদস্যকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে ও আলমডাঙ্গা পৌরসভার ওয়েট মার্কেটের কাজও চলমান রয়েছে। এছাড়াও এলডিডিপি প্রকল্পের আওতায় আগামী তিন(০৩) বছর কালিদাসপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সকল শিক্ষার্থীকে প্রতিদিন ২৫০ মি.লি. করে দুধ খাওয়ানোর কার্যক্রম চলমান । ০১টি ফ্রি ভেটেরিনারি মেডিকেল ক্যাম্পের আয়োজন করা হয়েছে। এছাড়াও নিয়মিত ঘাসের কাটিং বিতরণ, ঘাসচাষ সম্প্রসারণ, খামার পরিদর্শন, কসাইখানা পরিদর্শনসহ সার্বিক কার্যক্রম চলমান রয়েছে।

সিদ্ধান্ত : (১) নিরাপদ, পর্যাপ্ত এবং মানসম্মত প্রাণিজ আমিষ সরবরাহের জন্য বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে।

বাস্তবায়নে : উপজেলা প্রাণি সম্পদ অফিসার, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।

## ১.৫। উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তর :

সভায় উপস্থিত উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা তাঁর বিভাগের আলোচ্য মাসের কার্যক্রমের যে তথ্য তুলে ধরেন তা নিম্নরুপ:

| সক্ষম দম্পতি | স্থায়ী পদ্ধতি | | | আইইউডি | ইমপ্ল্যান্ট | ইনজেকশন (চক্র) | খাবার বড়ি | কনডম (পিস) | সি এ আর % | সি এ আর | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | পুরুষ | মহিলা | মোট | | | | | | | | |
| ৮১৫৮৭ | ০০ | ০০ | ০০ | ১৫ টি | ৯৫টি | ১৭৪৪ জন | ১৬৪৫৮ | ১৯১৭ | ৮১.৫৫% | ০.০৭% | |

মা-শিশু স্বাস্থ্য ও সাধারণ রোগী সেবা

| গর্ভবতীর সংখ্যা | গর্ভবর্তীকালীন সেবা | সর্বমোট গ্রহণকারী | প্রসবোত্তর সেবা | নবজাতকের সেবা | সাধারণ রোগী সেবা | পুষ্টি সেবা | নরমাল ডেলিভারী | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ২৩৭৭ জন | ৯৫১ জন | ৬৬৫৩৮ জন | ২৮৮জন | ২১৯২ জন | ৬৬২৯জন | ৪২৫৯জন | ০২ টি | |

উপরিউক্ত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত : (১)। বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে।
বাস্তবায়নে : উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।

**১.৬। উপজেলা প্রকৌশলীর দপ্তর :**

সভায় উপজেলা প্রকৌশলী,এলজিইডি আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা সংশ্লিষ্ট বিভাগের কার্যক্রমের যে তথ্য উপস্থাপন তথা ও প্রাপ্ত কার্যপত্রের আলোকে নভেম্বর/২০২৩খ্রি. তারিখে দেখা যায়

| ক্র:নং: | অংগের নাম | সংখ্যা/প্যাকেজ | সমাপ্ত | চলমান | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০৩। | অতিরিক্ত শ্রেণী কক্ষ নির্মাণ PEDP4 | ১৫টি স্কুল | - | ১৫টি স্কুল | |
| ০৪। | বিদ্যালয়ের বাউন্ডারি ওয়াল নির্মান | ০১ টি স্কুল | - | ০১টি স্কুল | |
| ০৫। | বিদ্যালয়ের বড় ধরনের মেরামত | ০৭ টি স্কুল | - | ০৭টি স্কুল | |
| ০৬। | স্কুল NBIDGPS | ১৫টি স্কুল | ১৪টি স্কুল | ০১টি স্কুল | |
| ০৭। | ব্রীজ(খাসকররা-তিয়রবিলা) KRIDP | ৩২ মিটার | - | ০১টি | |
| ০৮। | ব্রীজ(ডাউকী-পাঁচলিয়া বাজার) GKRIDP | ২৫ মিটার | ১৪ | ১১টি | |
| ০৯। | ব্রীজ(কয়রাডাঙ্গা) Supporting | ৩৫ মিটার | - | ০১টি | |
| ১০। | সামাজিক অবকাঠামো (GSID-2) | ৪০টি | ৪০টি | - | |
| ১১। | KDRIDP রাস্তা | ৩০টি | ২৮টি | ০২টি | |
| ১২। | GKRIDP রাস্তা | ২২টি | ১১টি | ১১টি | |
| ১৩। | IRIDP রাস্তা | ০৩টা | - | ০৩টা | |
| ১৪। | GOB Maintenance রাস্তা/কালভার্ট | ১৪টি | - | ১৪টি | |
| ১৫। | ভূমি অফিস- TULO | ০৩টি | ০৩টি | - | |

এছাড়া ০৪টি প্যাকেজের ১৪টি স্কুলের হেডমাস্টারের কক্ষ নির্মান ও ওসমানপুর বাজারে কাজ চলমান।
২০২৩-২৪ অর্থবছরে এডিপি তহবিলের আওতায় ০২ কিস্তিতে ৫১,৫২,০০০/- টাকার বরাদ্দ পাওয়া গেছে।

**সিদ্ধান্ত** : ০১। বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে।
**বাস্তবায়নে** : উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী, আলমডাঙ্গা।

**১.৭। উপজেলা শিক্ষা অফিস :**

সভায় উপজেলা শিক্ষা অফিসার, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা জানান যে, প্রতি বছরের ন্যয় ২০২৪ সালে প্রথম দিন অর্থ্যাৎ ১ জানুয়ারী ২০২৪ তারিখে শিক্ষার্থীদের মাঝে উৎসব মুখর পরিবেশে বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণ করা হবে। ২০২৩-২৪ অর্থ বছরে এ উপজেলায় ১৩৮টি বিদ্যালয়ে প্রতিটি বিদ্যালয়ে ১০,০০০/- টাকা করে প্রাক প্রাথমিক শ্রেণি কক্ষ সজ্জিত করণের বরাদ্দ পাওয়া গেছে। কাজ চলমান আছে খুব শিঘ্রই বিদ্যালয় পর্যায়ে অর্থ ছাড় করা হবে। ইতোমধ্যে ১৩৮টি বিদ্যালয়ের স্লিপ কার্যক্রমের ১ম ধাপের বরাদ্দ পাওয়া গেছে এবং কার্যক্রম চলমান আছে। কাজ চলমান আছে খুব শিঘ্রই বিদ্যালয় পর্যায়ে অর্থ ছাড় করা হবে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।

সিদ্ধান্ত : বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে।
বাস্তবায়নে : উপজেলা শিক্ষা অফিসার, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।

**১.৮। উপজেলা মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর :**

কোন কার্যপত্র পাওয়া যায়নি।

সিদ্ধান্ত : প্রতিমাসে যথাসময়ে কার্যপত্র প্রেরণ নিশ্চিতকরণের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হয়।

১.৯। উপজেলা সমাজসেবা অধিদপ্তর :

সভায় উপজেলা সমাজসেবা অফিসার, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা জানান, আলমডাঙ্গা উপজেলায় এ মাসে ১২৬৬১ জন বয়স্ক ভাতা ভোগীকে মাসিক ৬০০ টাকা হারে, স্বামী নিগৃহিতা ও বিধাবা ৬০৬৬ জনকে মাসিক ৫৫০ টাকা হারে, অস্বচ্ছল প্রতিবন্ধী ১২,৯৯১ জনকে মাসিক ৮৫০ টাকা হারে, প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি ৪৫ জন শিক্ষার্থী( প্রাথমিক স্তরে ২৯ জনকে ৯০০ টাকা, মাধ্যমিক স্তরে ১২ জনকে ৯৫০ টাকা, উচ্চ মাধ্যমিক স্তরে ০৩ জনকে ৯৫০ টাকা ও উচ্চতর স্তরে ০১ জনকে ১৩০০ টাকা প্রদান করা হয়েছে)। এছাড়া গত অর্থবছরে ক্যান্সার, কীডনী, লিভার সিরোসিস, স্ট্রোকে প্যারালাইজড, জন্মগত হৃদরোগ ও থ্যালাসেমিয়া রোগীদের চিকিৎসা বাবদ ৫০ জনকে জনপ্রতি ৫০,০০০ টাকা করে মোট ২৫,০০,০০০(পঁচিশ) লক্ষ টাকা প্রদান করা হয়েছে। অনগ্রসর জনগোষ্ঠীর বয়স্ক ৯৩ জনকে মাসিক ৫০০ টাকা হারে ও অনগ্রসর জনগোষ্ঠীর শিক্ষা উপবৃত্তি ৭১ জন শিক্ষার্থী(প্রাথমিক স্তরে ৪৭ জনকে ৭০০ টাকা, মাধ্যমিক স্তরে ১৫ জনকে ৮০০ টাকা, উচ্চ মাধ্যমিক স্তরে ০৫ জনকে ১০০০ টাকা ও উচ্চতর স্তরে ০৪ জনকে ১২০০ টাকা) প্রদান করা হয়েছে। এছাড়া হিজরা জনগোষ্ঠীর বয়স্ক ০৩ জনকে মাসিক ৬০০ টাকা হারে ভাতা প্রদান করা হয়েছে। হাসপাতাল সমাজসেবা কার্যক্রম যথারীতি চলমান রয়েছে। ক্ষুদ্রঋণ কার্যক্রম যথারীতি চলমান আছে। ভিক্ষুক পুর্নবাসন ও বিকল্প কর্মসংস্থান এর আওতায় অনুদান/উপকরনের নিমিত্ত আবেদন গ্রহণ প্রক্রিয়া চলমান। সমাজকল্যাণ পরিষদের প্রাকৃতিক দুর্যোগ, চিকিৎসা,দরিদ্র শিক্ষার্থীদের আর্থিক সাহায্য আবেদন গ্রহণ প্রক্রিয়া চলমান আছে। অনগ্রসর জনগোষ্ঠীর সেলাই প্রশিক্ষণ গ্রহণের আবেদন গ্রহণ ও জমা নেয়া হচ্ছে।

সিদ্ধান্ত : বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে।

বাস্তবায়নে : উপজেলা সমাজসেবা অফিসার, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।

১.১০ । উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর :

সভায় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা জানান বিগত ৯ ডিসেম্বর-২০২৩ বেগম রোকেয়া দিবস ও উপজেলা পর্যায়ে জয়িতাদের সম্মাননা প্রদান করা হয়েছে। ভিজিডি ( চক্র ২০২১-২২) ডিসেম্বর-২০২৩ বরাদ্দপত্র অনুযায়ী ডিও প্রদান করা হয়েছে । মা ও শিশু সহায়তা কর্মসূচীর কার্যক্রম চলমান রয়েছে । কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের আওতায় ক্লাবের কার্যক্রম চলমান আছে। জেন্ডারভিত্তিক সমাজ গঠনে কিশোর কিশোরীদের প্রশিক্ষণ, বাল্যবিবাহরোধ, আবৃত্তি,সংগীত প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে। এছাড়া সচেতনতামূলক প্রশিক্ষন, ক্ষুদ্রঋণসহ দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে।

উপরিউক্ত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত : (১) বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে।

বাস্তবায়নে : উপজেলা মহিলা বিষয়ক অফিসার, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।

১.১১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ :

সভায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা জানান, ২০২৩-২০২৪ অর্থবছরে ২য় পর্যায়ে টিআর প্রকল্পের আওতায় ২৬,০৫,৪২৮/- টাকার বরাদ্দ পাওয়া গেছে; কাবিখা প্রকল্পের আওতায় ৩৩.৬০০ মে:টন (চাল) ও ৩৩.৬০০ মে:টন(গম) বরাদ্দ পাওয়া গেছে । অতি দরিদ্রদের জন্য (৪০দিন) কর্মসূচী আওতায় ৪০টি প্রকল্প কাজ ইতিমধ্যে শেষ হয়েছে। প্রকল্প সভাপতির দাখিলকৃত ২০ দিনের বিল প্রস্তুত পূর্বক দূর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা বরাবর প্রেরণ করা হয়েছে। এছাড়া ৬৬৬৫টি কম্বল চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেয়র, আলমডাঙ্গা পৌরসভা ও ইউপি চেয়ারম্যানদের মাধ্যমে গরীব অসহায় ও দুস্থ মাঝে বিতরণ করা হয়েছে।

এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে।

সিদ্ধান্ত : ১। টিআর, কাবিখা ও কাবিটা প্রকল্পের আওতায় গৃহীত প্রকল্পগুলো শতভাগ বাস্তবায়ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

২। কম্বল বিতরণের মাস্টাররোল দাখিল করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

বাস্তবায়নে : সকল ইউপি চেয়ারম্যান,আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।

১.১২। উপজেলা সমবায় অধিদপ্তর :

সভায় উপজেলা সমবায় অফিসার, আলমডাঙ্গার পক্ষে জানান এ উপজেলায় সমবায় বিভাগে মোট ২৫৩টি সমবায় সমিতি রয়েছে, যার মধ্যে ২৫০টি প্রাথমিক ও ৩টি কেন্দ্রীয় সমিতি। ২০২২-২৩ অডিট বর্ষে প্রাথমিক ৫১টি ও কেন্দ্রীয় ০৩টি সহ ৫৪ টি সমিতির অডিট বরাদ্দ দেওয়া হয়েছে। নভেম্বর-২০২৩ মাসে ২০২২-২৩ সনের অডিট সম্পাদন করা হয়েছে ১৯টি (প্রাথমিক), ০১টি (কেন্দ্রীয়)। অডিট সম্পাদনের হার ৪১%। ২০২১-২০২২ সালে অডিট ফি(রাজস্ব) ধার্যের পরিমান ৫৮২২০/- ও সমবায় উন্নয়ন তহবিল ধার্যের পরিমান ৫৩১১২/- যা জুন-২০২৩ মাসের মধ্যে সমুদয় অডিট ফি ৫৮২২০/- আদায় করতঃ সরকারি কোষাগারে জমা প্রদান

করা হয়েছে। অডিট ফি আদায়ের হার ১০০%। এছাড়া সমবায় উন্নয়ন তহবিলের ধার্যকৃত টাকা, যা ইতোমধ্যে আদায় করতঃ সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়েছে, আদায়ের হার ১০০%। এ উপজেলায় ০৬টি আশ্রয়ণ/আবাসন প্রকল্পে ৪৪০ টি পরিবারের মাঝে ৭০,২১,০০০/- টাকা (ঘূর্ণায়মান) ক্ষুদ্র ঋণ বিতরণ করা হয়েছে এবং এ পর্যন্ত ৫৩,৭৩,৮৪৬/- টাকা আদায় করা হয়েছে। আদায়ের হার সন্তোষজনক। বিভাগীয় কার্যাক্রম চলমান আছে।

সিদ্ধান্ত : ১। দাপ্তরিক কাজের বর্তমান ধারা অব্যাহত রাখাসহ ঋণ আদায় কার্যক্রম জোরদার করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

বাস্তবায়নে : উপজেলা সমবায় অফিসার, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।

## ১.১৩। উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ :

সভায় উপস্থিত উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা সংশ্লিষ্ট বিভাগে যে ০৬(ছয়)টি প্রকল্পের কার্যক্রম চলমান তার অক্টোবর/২০২৩খ্রি. মাসের অগ্রগতি

| ক্র: নং | বিবরণ | মাসে অর্জন | বছরে অর্জন | ক্রমপুঞ্জিত অর্জন | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১। | সমিতি গঠন | ০০ | ০০ | ৪১০ | |
| ০২। | সদস্য ভর্তি (জন) | ০০ | ০০ | ১৮০৬০ | |
| ০৩। | শেয়ার জমা (লক্ষ টাকা) | .৫২ | ২.৬২ | ৮১.৮৮ | |
| ০৪। | সঞ্চয় জমা (লক্ষ টাকা) | ২.৭০ | ৭.৮১ | ১৭৩.৭৫ | |
| ০৫। | ঋণ বিতরণ (লক্ষ টাকা) | ২৯.৪৯ | ১৭৯.৬২ | ৬৬৪৮.৭৮ | |
| ০৬। | উপকারভোগী (জন) | ৮৬ | ৪৩৫ | ২৮৯৫৭ | |
| ০৭। | ঋণ আদায় (লক্ষ টাকা) | ৩৩.৩০ | ১৯৮.২৭ | ৬০৯৩.৯২ | |
| ০৮। | আদায়ের হার | ১০০% | ১০০% | ১০০% | |
| ০৯। | প্রশিক্ষণ (জন) | ৪০ | ৪০ | ১৪৪০ | |
| ১০। | স্কিম বাস্তবায়ন (টি) | ০০ | ০০ | ৭৭ | |

মাঠে বকেয়া ঋণের পরিমান ৫৫৪.৪৮ লক্ষ টাকা।

উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা কর্তৃক উথাপিত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত : ১। ঋণ বিতরণে স্বচ্ছতা বজায় রাখাসহ ঋণ আদায়ে আর ও তৎপরতা বৃদ্ধি করতে হবে।

বাস্তবায়নে : উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।

## ১.১৪। উপজেলা যুব উন্নয়ন বিভাগ :

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা সভাকে অবহিত করেন যে নভেম্বর/২৩ মাসের কার্যক্রমের অগ্রগতি হিসেবে ২০২২-২৩ অর্থ বছরে ঋণ বিতরণের লক্ষমাত্রা ৪৯,৩০,০০০/- টাকার মধ্যে ডিসেম্বর-২০২৩ মাস পর্যন্ত ৪৪ জন যুব/যুব মহিলাদের মধ্যে ২৫,৪০,০০০/- টাকা যুব ঋণ বিতরণ করা হয়। এছাড় ২০২৩-২৪ অর্থ বছরের প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা অনুযায়ী ৪২০ জন যুব/যুব মহিলাদের মধ্যে হতে ডিসেম্বর-২৩ মাস পর্যন্ত ২১০ জন যুব/যুব মহিলাদেরকে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ডিসেম্বর-২৩ মাসের যুব ঋণের আদায়যোগ্য ৩,৪১,০০০/- টাকা, আদায়কৃত ৩,৩৮,৬০০/- টাকা আদায়ের হার ৯৯%।

সিদ্ধান্ত : ১। দাপ্তরিক কাজের বর্তমান ধারা অব্যাহত রাখাসহ ঋণ আদায় কার্যক্রম জোরদার করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

বাস্তবায়নে : উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।

## ১.১৫। উপজেলা বন বিভাগ :

উপজেলা ফরেস্টার, উপজেলা নার্সারী কেন্দ্র, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা সভাকে নিম্নবর্ণিত বিষয়গুলো অবহিত করেন ।

| ক্র:নং | বাস্তবায়ন/বাস্তবায়নধীন প্রকল্পের নাম | পরিমান | কাজের অগ্রগতি | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১। | বৃক্ষরোপনে মাননীয় প্রধানমন্ত্রীর জাতীয় পুরস্কার-২০২৩ সাতটি শ্রেণীতে প্রদানের জন্য আবেদন আহবান করা হয়েছে। | - | - | - |
| ০২। | আলমডাঙ্গা উপজেলায় এ১০জি সেচ খালের পানি | ৬.০০ কি:মি: | - | - |

| | | | | |
|---|---|---|---|---|
| | উন্নয়ন বোর্ডের অস্থায়ী সেড ঘর হতে বন্ডবিল রেলগেট রাস্তার ব্রীজ পর্যন্ত খালের উভয় পাশে বাগান টেন্ডারে বিক্রি হয়েছে। যা কর্তনের জন্য অপেক্ষায় রয়েছে। | | | |
| ০৩। | আলমডাঙ্গা এস ১০জি সেচ খালের তারাচাঁদের বাড়ী হতে মাদারহুদা ব্রীজ পর্যন্ত বাগান টেন্ডারে বিক্রি হয়েছে। যা কর্তনের জন্য অপেক্ষায় রয়েছে। | ১৫.০০ কি:মি: | ৭৫% | - |
| ০৪। | নার্সারীতে বিবিধ প্রজাতির চারা রক্ষণাবেক্ষনের কাজ চলমান। | চারা ৫০০০ টি | - | - |
| ০৫। | দ্বিতীয় আবর্তের বাগান রক্ষণাবেক্ষনের কাজ চলমান। | ২১.০০ কি:মি: (সিডলিং) | - | - |

সিদ্ধান্ত : ০১। এছাড়া বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে।

বাস্তবায়নে : উপজেলা ফরেস্টার, উপজেলা নার্সারী কেন্দ্র, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।

১.১৬। জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ :

সভায় সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা জানান, সংশ্লিষ্ট বিভাগের কার্যক্রম সুষ্ঠ ও সুন্দরভাবে চলছে। সংশ্লিষ্ট বিভাগের চলতি বছরের চলমান উন্নয়ন প্রকল্পের অগ্রগতির বিষয়ে যে তথ্য তুলে ধরেন তা নিম্নরুপ:

| ক্র: নং | কাজের নাম | প্রকল্পের নাম | কাজের অগ্রগতি | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১। | আশ্রয়ন প্রকল্পে ৬৩ টি নিরাপদ পানির উৎস স্থাপন। | মুজিব বর্ষ | ১০০% | - |
| ০২। | নাগদাহ ও বটিয়াপাড়া গ্রামে পাইপ লাইনের মাধ্যমে পানি সরবরাহ প্রকল্প | আর্সেনিক ঝুঁকি নিরসন প্রকল্প | ৭০% | - |
| ০৩। | আলমডাঙ্গা উপজেলায় বিভিন্ন গ্রামে ২৭৪৮২টি নলকূপের পানির আর্সেনিক পরীক্ষাকরণ। | আর্সেনিক ঝুঁকি নিরসন প্রকল্প | ১০০% | - |
| ০৪। | প্রাথমিক বিদ্যালয়ে ০৪টি আরসিসি ওয়াশ ব্লক নির্মাণ। | PEDP-4 | ৭০% | - |
| ০৫। | প্রাথমিক বিদ্যালয়ে ০৫টি আরসিসি ওয়াশ ব্লক নির্মাণ। | PEDP-4 | - | Soil Test এর কাজ চলমান |
| ০৬। | প্রাথমিক বিদ্যালয়ে ০৪টি সাবমার্সিবল পাম্পসহ গভীর নলকূপ স্থাপন। | PEDP-4 | - | - |
| ০৭। | প্রাথমিক বিদ্যালয়ে ০৩টি সাবমার্সিবল পাম্পসহ গভীর নলকূপ স্থাপন। | GPS | - | - |
| ০৮। | ৫.২৭ মিটার প্রাইমারী ড্রেন, ০৫টি পাবলিক টয়লেট, ২৬টি কমিউনিটি টয়লেট এবং PEDP-41 Studge Treatment Plant, 1 solid Waste Composition System, 30 communal Bins & 1 Solid Waste Sorting Shed নির্মাণ | ২৩ পৌরসভা প্রকল্প | ৬৫% | - |
| ০৯। | ৪১.১৮ কি:মি: পাইপ লাইন, ২৭০৭ টি হাউস কানেকশন এবং ১০টি স্ট্রিট হাইড্রেন্ট | ২৩ পৌরসভা প্রকল্প | ১০০% | - |
| ১০। | ০১টি পৌর পানি ভবন নির্মাণ | ২৩ পৌরসভা প্রকল্প | - | - |
| ১১। | ৩০টি অগভীর তারা ও ৬৭টি সাবমার্সিবল পাম্পযুক্ত অগভীর নলকূপ | সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প (৪র্থ পর্যায়) | ১০০% | - |
| ১২। | ৩০টি অগভীর তারা ও ৬৭টি সাবমার্সিবল পাম্পযুক্ত অগভীর নলকূপ | সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প (৪র্থ পর্যায়) | ১০০% | - |
| ১৩। | ৩০টি অগভীর তারা ও ৬৯টি সাবমার্সিবল পাম্পযুক্ত অগভীর নলকূপ | সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প (৪র্থ পর্যায়) | ৯০% | - |
| ১৪। | ৩০টি অগভীর তারা ও ৬৭টি সাবমার্সিবল পাম্পযুক্ত অগভীর নলকূপ | সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প (৪র্থ পর্যায়) | ৮০% | - |

উপরিউক্ত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত : ১। বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে।

বাস্তবায়নে : সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।

**১.১৭।  আমার বাড়ি আমার খামার প্রকল্প ও পল্লী সঞ্চয় ব্যাংক :**

শাখা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা সভাকে অবহিত করেন যে, নভেম্বর/২০২৩ মাসে আত্নকর্মসংস্থান ও পরিবার ভিত্তিক ঋণদান কর্মসূচীর আওতায় বিভিন্ন সমিতির ১৮৫ জন সদস্য/সদস্যাদের মধ্যে ১,৯১,৫৯,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে। এ মাস পর্যন্ত সমিতির সদস্যদের নিকট হতে ১,৯৮,৮৭,০০০/- টাকা ঋণ আদায় হয়েছে।

সিদ্ধান্ত : ১। দাপ্তরিক কাজের বর্তমান ধারা অব্যাহত রাখাসহ ঋণ আদায় কার্যক্রম জোরদার করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
বাস্তবায়নে : শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।

**১.১৮ । উপজেলা তথ্যকেন্দ্র (জাতীয় মহিলা সংস্থা), আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা :**

সভায় উপস্থিত উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, জাতীয় মহিলা সংস্থা, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা জানান, এ মাসে তথ্যকেন্দ্র, আলমডাঙ্গা হতে বিভিন্ন সেবার আওতায় নিম্নবর্ণিত কার্যক্রম গ্রহণ করেছে।

| ডোর টু ডোর | তথ্যকেন্দ্র | স্বাস্থ্য সেবা | উঠান বৈঠকের সংখ্যা | উঠান বৈঠকে জন | ডিসেম্বর ২০২৩ মাসে মোট জন | ডিসেম্বর ২০২৩ মাসে মোট সেবা | ক্রমপুঞ্জিত মোট জন |
|---|---|---|---|---|---|---|---|
| ৬৭২ জন<br>৭৫০ সেবা | ১৩ জন<br>৫৫সেবা | ৪০০ জন | ০৩ টি | ১৫০ জন | ৮৩৫ জন | ৮০৫ টি | ৩৬৪৭৫ জন |

লাল সবুজ.কম মার্কেট প্লেসের মাধ্যমে নারীদের অর্থনৈতিকভাবে স্বাবলম্বী করার কার্যক্রম অব্যহত আছে, যার মাধ্যমে গ্রামীন নারীরা তাদের পণ্য ঘরে বসে অনলাইনের মাধ্যমে বিক্রয় করতে পারে। এখন পর্যন্ত ৩৫ জন নারী উদ্যোক্তর নিবন্ধন করা হয়েছে।
সিদ্ধান্ত : ১। দাপ্তরিক কাজের বর্তমান ধারা অব্যাহত রাখতে হবে।
বাস্তবায়নে : উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, জাতীয় মহিলা সংস্থা, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।

**১.১৯ । ওয়ান-স্টপ ক্রাইসিস সেল(ওসিসি) আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা :**

সভায় উপস্থিত প্রোগ্রাম অফিসার, ওয়ান-স্টপ ক্রাইসিস সেল (ওসিসি), আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা জানান, চলতি বছরে জানুয়ারি থেকে অক্টোবর-২০২৩ খ্রি. পর্যন্ত ওসিসি এর মাধ্যমে সর্বমোট ২৫৯ জন ভিকটিমকে বিভিন্ন ধরনের সেবা প্রদান করা হয়েছে। এর ধারাবাহিকতায় ওসিসি তে আগত নভেম্বর-২০২৩ খ্রি. মাসে সর্বমোট ২১ জন নির্যাতিত মহিলা ও শিশু বিভিন্নভাবে সহায়তা প্রদান করা হয়েছে। যাদের মধ্যে অনুর্ধ্ব ১৮ ভিকটিম সংখ্যা ০০ জন এবং তদুর্ধ্ব ভিকটিম সংখ্যা ২১ জন। ওসিসি তে আগত ভিকটিমদের মধ্যে মনোসামাজিক সেবা প্রদান করা হয় ০৯ জনকে, ০১ জন ভিকটিমকে ইউপি চেয়ারম্যানের মাধ্যমে সালিশি সেবা প্রাপ্তিতে সহায়তা করা হয় এবং ১১ জন ভিকটিমকে আইনী সেবা প্রাপ্তিতে সহায়তা প্রদান করা হয়।

ভিকটিম ফলোআপ নভেম্বর,২০২৩খ্রি. গত নভেম্বর মাসে ওসিসিতে আগত ভিকটিম এর মধ্যে গুরুত্বের বিবেচনায় ১১ জন ভিকটিমকে ফলোআপ করা হয়েছে। যাদের মধ্যে ০৫ জন ভিকটিম থানা, স্থানীয় জনপ্রতিনিধির মাধ্যমে ০৫ জন মিমাংসা সম্পন্ন হয়েছে। এবং ০১ জন ভিকটিম জেলা লিগ্যাল এইড অফিসের মাধ্যমে মামলা করেছে যার বিচার কার্য চলমান।

ভিকটিম ফলোআপ সেপ্টেম্বর-অক্টোবর,২৩খ্রি. এই সময়ের মধ্যকার গুরুত্বের বিবেচনায় ১৩ জন সেবা প্রাপ্ত ভিকটিমকে ওসিসি অফিসের মাধ্যমে নিয়মিত ফলোআপ করা হয়েছে। যাদের মধ্যে স্থানীয় জন প্রতিনিধির মাধ্যমে সমাধান হয়েছে ০৩ জন ভিকটিম, থানার মাধ্যমে মিমাংসা হয়েছে ০৪ জন ভিকটিম এবং আদালতের মাধ্যমে মিমাংসা হয়েছে ০৩ জন ভিকটিম এবং ০৩ জন ভিকটিম সেই সাথে আদালতে মামলা করেছে ০৩ জন ভিকটিম যার বিচার কার্য এখন পর্যন্ত চলমান রয়েছে।

সিদ্ধান্ত : ১। দাপ্তরিক কাজের বর্তমান ধারা অব্যাহত রাখতে হবে।
বাস্তবায়নে : প্রোগ্রাম অফিসার, ওয়ান-স্টপ ক্রাইসিস সেল (ওসিসি) ,আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।

২। বিবিধ :

ক) উপজেলা পরিষদের অভ্যন্তরে রাস্তা মেরামত সংক্রান্ত :

আলমডাঙ্গা উপজেলা পরিষদের অভ্যন্তরে রাস্তাগুলো চলাচলের অনুপযোগী হওয়ায় জরুরী ভিত্তিতে সংস্কার করা প্রয়োজন।

সিদ্ধান্ত : আলমডাঙ্গা উপজেলা পরিষদের অভ্যন্তরে রাস্তাগুলো চলাচলের অনুপযোগী হওয়ায় জরুরী ভিত্তিতে সংস্কার করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

বাস্তবায়নে : মেয়র, আলমডাঙ্গা পৌরসভা ও উপজেলা প্রকৌশলী, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।

খ) উপজেলা পরিষদের মধ্যে অবস্থিত শহীদ মুক্তিযোদ্ধা মাজার পুণঃ নির্মাণ সংক্রান্ত :

সভায় উপজেলা পরিষদের সদস্য ও ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আলমডাঙ্গা জানান আলমডাঙ্গা উপজেলা পরিষদের মধ্যে অবস্থিত শহীদ মুক্তিযোদ্ধা মাজার অবস্থিত। যেটা ১৯৭১ সালের মুক্তিযুদ্ধের স্মৃতি বিজারিত ও বিভিন্ন জাতীয় সরকারি কর্মসূচীতে শহীদ মুক্তিযোদ্ধাদের সম্মানার্থে পুষ্পস্তবক অর্পন করা হয়। কিন্তু উক্তস্থানটি পুরাতন ও জরাজীর্ণ হয়ে পড়ার আধুনিকায়ন করা প্রয়োজন।

সিদ্ধান্ত : সভায় উপজেলা পরিষদের মধ্যে অবস্থিত শহীদ মুক্তিযোদ্ধা মাজারটি পুণঃনির্মাণ ও আধুনিকায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। তদনুযায়ী একটি প্রাক্কলন প্রস্তুত পূর্বক বরাদ্দ জন্য সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
বাস্তবায়নে : উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী, এলজিইডি, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।

গ) উপজেলা পরিষদের সভাকক্ষ সংস্কার ও আধুনিকায়ন করন সংক্রান্ত :

সভায় উপজেলা নির্বাহী অফিসার, আলমডাঙ্গা বলেন উপজেলা পরিষদের সভাকক্ষটি বহুদিনের পুরাতন। উপজেলা পর্যায়ের প্রায় সকল বড় বড় অনুষ্ঠান সভাকক্ষটিতে অনুষ্ঠিত হয়। সভাকক্ষটি জরুরী ভিত্তিতে সংস্কার ও আধুনিকায়ন করা প্রয়োজন।

সিদ্ধান্ত : সভায় উপজেলা পরিষদের সভাকক্ষটি সংস্কার ও আধুনিকায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। তদনুযায়ী একটি প্রাক্কলন প্রস্তুত পূর্বক বরাদ্দ জন্য সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
বাস্তবায়নে : উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী, এলজিইডি, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।

ঘ) ১৪৩০ সনের মুন্সিগঞ্জ পশুহাটের ইজারা বাতিল সংক্রান্ত :

সভায় উপজেলা নির্বাহী অফিসার, আলমডাঙ্গা জানান ১৪৩০ সনের মুন্সিগঞ্জ পশুহাটের সর্বোচ্চ দরদাতা জনাব মোঃ সাদ্দাম হোসেন, পিতা: মোঃ ওহিদ হোসেন, গ্রাম: জেহালা, ডাকঘর: মুন্সিগঞ্জ, উপজেলা: আলমডাঙ্গা, জেলা: চুয়াডাঙ্গাকে নীতিমালা অনুযায়ী ইজারার সমূদয় টাকা পরিশোধ করার জন্য বিগত ০৯/০৩/২০২৩ খ্রিস্টাব্দ তারিখের ০৫.৪৪.১৮০৭.০০০.৯৬.০০৩.২০২৩.৩৭৭নং স্মারকে পত্র প্রাপ্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে পরিশোধ করার জন্য পত্র প্রদান করা হয়। ধার্য তারিখ অতিক্রান্ত হওয়ায় এবং মোবাইল ফোনে বার বার যোগাযোগ করা হলেও তিনি ইজারার টাকা পরিশোধ করেনি । পরবর্তীতে ০৩/০৫/২০২৩ খ্রি: তারিখের ০৫.৪৪.১৮০৭.০০০.৯৬.০০৩.২০২৩.৬৬৩ নং স্মারক, ১৩/০৭/২০২৩ খ্রি: তারিখের ০৫.৪৪.১৮০৭.০০০.৯৬.০০৩.২০২৩.১০১০ নং স্মারক ও ০৩/০৯/২০২৩ খ্রি: তারিখের ০৫.৪৪.১৮০৭.০০০.৯৬.০০৩.২০২৩.১২৬০ নং স্মারকে তাগিদপত্র ইস্যু করা হলেও ইজারার টাকা জমা দেননি। পরবতীতে ০৮/১১/২০২৩ খ্রিস্টাব্দ তারিখের ০৫.৪৪.১৮০৭.০০০.৯৬.০০৩.২০২৩.১৬০০/১ নং স্মারকে চুড়ান্ত তাগিদপত্র ইস্যু করা হয়। চুড়ান্ত তাগিদ ইস্যু করার পর গত ২৭/১২/২০২৩ তারিখে ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা পরিশোধ করেন। এখনও ইজারাদার জনাব মোঃ সাদ্দাম হোসেন এর কাছে ইজারা, ভ্যাট ও আয়কর বাবদ সর্বমোট ৪,৩১,০০০/- (চার লক্ষ একত্রিশ হাজার) টাকা বকেয়া রয়েছে। তাগিদপত্র ইস্যু ও মোবাইল ফোনে বার বার যোগাযোগ করা হলেও তিনি ইজারার টাকা পরিশোধ করছেন না।

সিদ্ধান্ত : সভায় ১৪৩০ সনের মুন্সিগঞ্জ পশুহাটের সর্বোচ্চ দরদাতা জনাব মোঃ সাদ্দাম হোসেন, পিতা: মোঃ ওহিদ হোসেন, গ্রাম: জেহালা, ডাকঘর: মুন্সিগঞ্জ, উপজেলা: আলমডাঙ্গা, জেলা: চুয়াডাঙ্গার দরপত্র বাতিল ও জমাকৃত অর্থসহ জামানতের অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত পূর্বক পরবর্তী নির্দেশনার জন্য জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা বরাবর পত্র প্রেরণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
বাস্তবায়নে : উপজেলা নির্বাহী অফিসার,আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আইয়ুব হোসেন)
সভাপতি
ও
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।
alamdanga.chuadanga.gov.bd

স্মারক নং :- ০৫.৪৪.১৮০৭.০০০.০৬.০০১.১৭.১৭৫৫ তারিখ : ২১-১২-২০২৩ খ্রি.

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো :**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। জনাব সোলায়মান হক জোয়ার্দ্দার (ছেলুন), মাননীয় সংসদ সদস্য, চুয়াডাঙ্গা-১।
৩। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
৫। জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা।
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।
৭। জনাব হাসান কাদির গণু, মেয়র, আলমডাঙ্গা পৌরসভা, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।
৮। জনাব খন্দকার সালমুন আহাম্মদ, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।
৯। জনাব কাজী মারজাহান নিতু, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।
১০-২৪। জনাব ............................... সদস্য, উপজেলা পরিষদ ও চেয়ারম্যান ............................. ইউপি, আলমডাঙ্গা।
২৫-৩০। জনাব মোছাঃ ............................... সদস্য, ............নং সংরক্ষিত আসন উপজেলা পরিষদ, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।
৩১-৫০। উপজেলা ............................................ কর্মকর্তা, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।

(স্নিগ্ধা দাস)
উপজেলা নির্বাহী অফিসার
আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা
☎ ০২৪৭৭৭৯০৩০১
unoalamdanga@mopa.gov.bd

উপস্থিত সদস্যদের সম্বলিত তালিকা পরিশিষ্ট- “ক ”

| ক্র: নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | জনাব খন্দকার সালমুন আহাম্মদ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আলমডাঙ্গা | স্বাক্ষরিত |
| ২. | জনাব কাজী মারজাহান নিতু | মহিলা ভাইস চেয়ারম্যান, উ: প: অ: | ” |
| ৩. | জনাব মো: তবারক হোসেন | চেয়ারম্যান, বাড়াদী ইউপি | ” |
| ৪. | জনাব মুন্সি মো: এমদাদুল হক | চেয়ারম্যান, গাংনী ইউপি | ” |
| ৫. | জনাব মো: মোজাহিদুর রহমান জোয়ার্দ্দার | চেয়ারম্যান, খাদিমপুর ইউপি | ” |
| ৬. | জনাব মো: মাহামুদুল হাসান | চেয়ারম্যান, বেলগাছী ইউপি | ” |
| ৭. | জনাব তাছফির আহমেদ | চেয়ারম্যান, খাসকররা ইউপি | ” |
| ৮. | জনাব শেখ আশাদুল হক | চেয়ারম্যান, কালিদাসপুর ইউপি | ” |
| ৯. | জনাব মোহা: মিনাজ উদ্দীন বিশ্বাস | চেয়ারম্যান, আইলহাঁস ইউপি | ” |

উপস্থিত উপজেলার সকল বিভাগের প্রধানের সম্বলিত তালিকা পরিশিষ্ট-“খ”

| ক্র : নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | জনাব স্নিগ্ধা দাস | উপজেলা নির্বাহী অফিসার ,আলমডাঙ্গা | স্বাক্ষরিত |
| ২. | জনাব ডা: হাদী জিয়াউদ্দিন আহমেদ | উপজেলা স্বাস্থ্য ও প:প: অফিসার, আলমডাঙ্গা | ” |
| ৩. | জনাব রেহানা পারভীন | উপজেলা কৃষি অফিসার, আলমডাঙ্গা | ” |
| ৪. | জনাব ডা: মো: আব্দুল্লাহিল কাফি | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা | ” |
| ৫. | জনাব মো: আব্দুর রশীদ | উপজেলা প্রকৌশলী ,এলজিইডি | ” |
| ৬. | জনাব ডাঃ মোঃ ফজলুল হক | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার | ” |
| ৭. | জনাব মো: শামসুজ্জোহা | উপজেলা শিক্ষা কর্মকর্তা | ” |
| ৮. | জনাব মো: ইমরুল আহমেদ | উপজেলা একাডেমিক সুপারভাইজার | ” |
| ৯. | জনাব মো: হাফিজুর রহমান | উপজেলা সমাজসেবা অফিসারের পক্ষে | ” |
| ১০. | জনাব মোছা: শায়লা শারমিন | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | ” |
| ১১. | জনাব মো: আব্দুর রশীদ | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য | ” |
| ১২. | জনাব মাকসুরা জান্নাত | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | ” |
| ১৩. | জনাব মো: এনামুল হক | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | ” |
| ১৪. | জনাব মো: হাসেম আলী | উপজেলা সমবায় অফিসারের পক্ষে | ” |
| ১৫. | জনাব মো: আব্দুল হামিদ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | ” |
| ১৬. | জনাব মোঃ গোলাম আওয়াল | উপজেলা যুব উন্নয়ন অফিসার | ” |
| ১৭. | জনাব মোহা: আতিয়ার রহমান | ভারপ্রাপ্ত কর্মকর্তা ,সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র | ” |
| ১৮. | জনাব শেফালী বেগম | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক | ” |
| ১৯. | জনাব হিরোজ কবির | প্রোগাম অফিসার, ওসিসি | ” |
| ২০. | জনাব স্নিগ্ধা দাস | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা | ” |
| ২১. | জনাব মো: আবু তৈয়ব | উপ-সহকারী  প্রকৌশলী, ওজোপাডিকো | ” |
| ২২. | জনাব মো: বেলাল হোসেন | উপজেলা মৎস্য অফিসার (অ:দা:) এর পক্ষে | ” |

অনুপস্থিত সদস্যদের  তালিকা পরিশিষ্ট- “গ

| ক্র: নং | নাম | পদবী |
|---|---|---|
| ১. | জনাব হাসান কাদির গণু | মেয়র, আলমডাঙ্গা পৌরসভা |
| ২. | জনাব মো: সিলন আলী | চেয়ারম্যান, জেহালা ইউপি |
| ৩. | জনাব মশিউর রহমান | উপজেলা নির্বাচন অফিসার |
| ৪. | জনাব মো: সোহানুর রহমান | চেয়ারম্যান, ভাংবাড়িয়া ইউপি |
| ৫. | জনাব মো: আশিকুজ্জামান | চেয়ারম্যান, হারদী ইউপি |
| ৬. | জনাব মো: আবু সাঈদ | চেয়ারম্যান, কুমারী ইউপি |
| ৭. | জনাব মো: তরিকুল ইসলাম | চেয়ারম্যান, ডাউকী ইউপি |
| ৮. | জনাব মো: নজরুল ইসলাম | চেয়ারম্যান, জামজামী ইউপি |
| ৯. | জনাব মো: এজাজ ইমতিয়াজ | চেয়ারম্যান, নাগদাহ ইউপি |
| ১০. | জনাব মো: হাসানুজ্জামান সরোয়ার | চেয়ারম্যান, চিৎলা ইউপি |